

## সাম্প্রতিক কর্মকান্ড

### ৫.১ আর্থসামাজিক ও জনমিতিক জরিপ-২০২৩ (Socio-Economic and Demographic Survey)

শুমারি পরবর্তী সময়ে আর্থসামাজিক ও জনমিতিক জরিপের মাধ্যমে একটি দীর্ঘ প্রশ্নপত্র ব্যবহার করে দেশের জনসংখ্যার বর্তমান অবস্থা মূল্যায়ন করতে জন্ম, মৃত্যু, অভিবাসন, স্বাস্থ্য, স্যানিটেশন, বিদ্যুৎ, খাবার পানির প্রাপ্যতা ইত্যাদি সম্পর্কিত বিস্তারিত তথ্যসংগ্রহ করা হয়। দেশের জনগণের আর্থসামাজিক ও জনমিতিক বিষয়ের বিশদ তথ্য আর্থসামাজিক ও জনমিতিক জরিপের মাধ্যমে সংগ্রহ করা হয়। এসব তথ্য বিশ্লেষণ করে বিভিন্ন ধরনের রিপোর্ট প্রকাশ করা হয় যা দেশের উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করে। গাজীপুর সদর উপজেলার ৩টি পিএসইউ (PSU) হতে ৩জন গণাকারী আর্থসামাজিক ও জনমিতিক জরিপের তথ্য সংগ্রহ করে।

### ৫.২ খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২ (Food Security Assessment & Food Insecurity Experience Scale)

বিবিএস খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২ জরিপের মাধ্যমে ২০১৬, ২০১৭ এবং ২০১৮ সালে দেশের খাদ্য স্থিতি বিষয়ক পরিসংখ্যান প্রণয়ন করেছে। দেশে মানুষের মাথাপিছু ম্যাক্রোনিউট্যান্ট (ক্যালোরি, প্রোটিন ও ফ্যাট) ও মাইক্রোনিউট্যান্ট (খনিজ, ভিটামিন প্রভৃতি) এর প্রাপ্যতা নিরূপণ করেছে।

### ৫.৩ হস্ত ও কারুশিল্পজাত পণ্য জরিপ- ২০২২

বিবিএস হস্ত ও কারুশিল্পজাত পণ্য জরিপ- ২০২২ পরিচালনা করে। উপজেলা পরিসংখ্যান কার্যালয়, গাজীপুর সদর, গাজীপুর নিম্নোক্ত কাজে নিয়োজিতদের তথ্য-উপাত্ত সংগ্রহ করে সদর দপ্তর ঢাকায় প্রেরণ করে :

মৃৎশিল্প ও টেপা পুতুল শিল্প, কাগজের মুখোশ শিল্প, বাঁশ ও বেত শিল্প, বাঁশ ও বেত শিল্প, নকশি হাতপাখা শিল্প, শোলা ও কাগজ কাটা শিল্প, কাঠের কারুশিল্প, জামদানি শিল্প ( হাতে বোনা), নকশি কাঁথা কারুশিল্প, নকশি কাঁথা কারুশিল্প, শতরঞ্জি কারুশিল্প, হাতে বোনা, শীতল পাটি শিল্প, পাটের কারুশিল্প (হাতে বোনা) mov I cUwPİ, ধাতব ও লৌহজাত শিল্প (তামা-পিতল-কাঁশা), শীLvও শঙ্খ শিল্প, সূচিকার্য ও কারচুপি শিল্প, কুরুশকাঁটার পণ্য শিল্প, ক্ষুদ্র নৃ-গোষ্ঠির হস্ত শিল্প [পার্বত্য ও বরেন্দ্র অঞ্চল], হাতে তৈরী বাদ্যযন্ত্র শিল্প, হাতে তৈরী কাপড়ের পুতুল শিল্প।

### ৫.৪ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহার জরিপ -২০২২

ব্যক্তি ও খানা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত ‘তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের জরিপ ২০২৩’ সারা দেশের নির্ধারিত মোট ১২৮৪ টির PSU-এর মধ্যে গাজীপুর সদর উপজেলায় ১টি PSU-এ যথাযথভাবে তথ্য-উপাত্ত সংগ্রহ করে সদর দপ্তর ঢাকায় প্রেরণ করা হয়।

### ৫.৫ স্বাক্ষরতা নিরূপন জরিপ (Literature Assesment Survey)

দেশের শিক্ষা ব্যবস্থার উন্নয়নের জন্য এর সঠিক তথ্য উপাত্তের কোনো বিকল্প নেই। বিবিএস এর ধারাবাহিকতায় স্বাক্ষরতা নিরূপন জরিপ (Literature Assesment Survey) পরিচালনা করে।